গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৪৭/২০০৮/ ৩৭৫ তারিখ ঃ ২৬/১০/২০০৮ ইং।

পরিপত্র

বিষয় ঃ চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কতিপয় ক্ষমতা অর্পণ প্রসংগে।

এলজিইডি কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর আওতায় সম্পাদিত বিভিন্ন চুক্তি বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে ক্রয়কারী কার্যালয় প্রধানের ওপর অর্পিত ক্ষমতা সচিবালয় নির্দেশমালা ২০০৮ এর ১০১ নং নির্দেশানুসারে নিম্নরূপ অর্পণ করা হলো।

১। পিপিআর, ০৮ এর বিধি ৩৯ (৩) অনুযায়ী প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখ সম্প্রসারণ ঃ

(ক) নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা, কার্য ও ভৌতসেবা সংক্রান্ত ৫০.০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যমানের চুক্তির সময়সীমা সুনির্দিষ্ট কারণ থাকা সাপেক্ষে প্রচলিত বিধি বিধান পালন করে প্রথম দফায় মূল সময়সীমা ৪০% অথবা সর্বোচ্চ ৩ (তিন) মাস পর্যন্ত বৃদ্ধি অনুমোদন করতে পারবেন। ৫০.০ লক্ষ টাকার উর্দ্ধে ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুযায়ী সিদ্ধান্ত নিতে হবে।

(খ) প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচী, কার্য ও ভৌতসেবা সংক্রান্ত চুক্তির সময়সীমা সুনির্দিষ্ট কারণ থাকা সাপেক্ষে প্রচলিত বিধি বিধান, নির্দেশনা পালন করে দ্বিতীয় দফা অথবা মূল সময়ের ৬০% বা সর্বোচ্চ ৫ (পাঁচ) মাস (যা কম হয়) পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।

২। আদর্শ দরপত্র দলিলের (PW3) ৭৮ অনুচ্ছেদ অনুযায়ী চুক্তি বাতিল ঃ

(ক) নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা, কার্য ও ভৌতসেবা সংক্রান্ত ৫০.০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যমানের চুক্তির ক্ষেত্রে চুক্তিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রচলিত বিধি বিধান, নির্দেশনা পালন সাপেক্ষে উপজেলা প্রকৌশলীর প্রতিবেদনসহ সুনির্দিষ্ট সুপারিশ থাকলে চুক্তি বাতিলের প্রস্তাবে অনুমোদন প্রদান করবেন।

(খ) প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচী ১ (এক) কোটি টাকা পর্যন্ত মূল্যমানের চুক্তির ক্ষেত্রে চুক্তিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রচলিত বিধি বিধান পালন সাপেক্ষে নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলার সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন থাকলে চুক্তি বাতিলের প্রস্তাবে অনুমোদন প্রদান করবেন।

৩। অন্যান্য ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনের জন্য যথানিয়মে প্রস্তাব পেশ করতে হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

২৬/১০/০৮

(মোঃ নুরুল ইসলাম)
প্রধান প্রকৌশলী

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ............................................................... এলজিইড, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ...................................................... অঞ্চল, জেলা ঃ ........................................।
৪। প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল) ..................................................... এলজিইড, সদর দপ্তর, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা ঃ ...............................................................................।
৬। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, উপজেলাঃ ............................................ জেলাঃ ................................।